দৈনিক সংবাদ

তারিখ ...10 MAY 1990... ...
পৃষ্ঠা... ..১ ...কলাম...2...

৪১

27

# রাজশাহী বোর্ডের চেয়ারম্যান লাঞ্ছিত

রাজশাহী, ৯ই মে (নিজস্ব সংবাদদাতার ফোন)।–আগামীকাল থেকে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহের ঘটনাকে কেন্দ্র করে আজ সকালে রাজশাহী বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবদুল আজিজ কতিপয় যুবকের হাতে তাঁর অফিস কক্ষে লাঞ্ছিত হয়েছেন। এক পর্যায়ে কিছুসংখ্যক যুবক চেয়ারম্যানের কক্ষে ঢুকে তাকে টানাহেঁচড়া শুরু করে। এসময় বোর্ড কর্তৃপক্ষ শিক্ষা সচিবের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করে তার মৌখিক নির্দেশে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের সাময়িক প্রবেশপত্র প্রদান করে।

ভুয়া রেজিস্ট্রেশন ও ফর্ম পূরণে ত্রুটি থাকায় রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ এক হাজার ২শ' ৩৪ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র দিতে রাজী না হলে আজ সকালে বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকসহ কয়েকশ' লোক বোর্ড চেয়ারম্যানকে ঘেরাও করে। তারা প্রবেশপত্র দেয়ার জন্য চাপ দেয়।